# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ভূগোল: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৬ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।]*

১. ▶ সোনালীর ভাই দীর্ঘদিন যাবৎ মধ্যপ্রাচ্যে থাকেন। সোনালী মধ্যপ্রাচ্য সম্পর্কে জানতে চাইলে তার ভাই বলেন, "মধ্যপ্রাচ্য খনিজ সম্পদে সমৃদ্ধ" তবে তরল সোনা নামে খ্যাত খনিজটি এখানে প্রচুর পরিমাণে পাওয়া যায়। যা মধ্য প্রাচ্যের অর্থনীতির মেরুদণ্ড।

ক. পোতাশ্রয় কী? ১

খ. দেশের উন্নয়নে কাম্য জনসংখ্যা গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আলোচিত খনিজ সম্পদের অর্থনৈতিক গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. সোনালীর ভাইয়ের বর্ণনাকৃত অঞ্চলের খনিজ সম্পদের বিবরণ তোমার পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

২. ▶ "রহিমা" গাইবান্ধা জেলার ফুলছড়ি গ্রামে বাস করতেন। "রহিমা" পরিবারের অস্বচ্ছলতার কারণে লেখাপড়া করতে পারেনি। তাই তার বাবা তাকে অল্প বয়সে বিয়ে দেন। কিন্তু স্বামী, ননদ ও তার শ্বশুর শাশুড়ী তাকে অনেক অত্যাচার করে। স্বামীর সংসারে তার কোনো মূল্য নাই। স্বামী ও ননদের অত্যাচার বেড়ে গেলে রহিমা সংসার ছেড়ে ঢাকার একটি শিল্পকারখানায় চাকরি নেয়। এখানে এসে সে দেখে, তার মতো অনেক নারীর কল্যাণে এ শিল্পটি দেশের বৈদেশিক মুদ্রা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ক. অপ্রচলিত পণ্য কী? ১

খ. চীনের হুনান প্রদেশকে ধানের গোলা বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লেখিত শিল্পটি বাংলাদেশে দ্রুত বিকশিত হওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত শিল্পটির মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জনে রহিমার মতো অন্যান্য নারীদের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৩. ▶ "সুমন ও রাজীব" দুই বন্ধু বাংলাদেশের বৈকদেশিক মুদ্রা অর্জনে তৈরি পোশাক, হিমায়িত খাদ্য সামগ্রী, রাসায়নিক দ্রব্য, চামড়া, ঔষধ, ব্যাঙের পা ইত্যাদি নিয়ে কথা বলছিল। এমন সময় তাদের অন্য বন্ধু "মামুন" এসে যোগ দেয়। তাদের আলোচনা শুনে "মামুন" বলে বৈদেশিক মুদ্রা অর্জনে জনশক্তি রপ্তানির ভূমিকাও কম নয়।

http://teachingbd.com

ক. OPEC এর পূর্ণরূপ কী? ১

খ. পরিবহন ব্যবস্থার উপর ভূপ্রকৃতির প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে "সুমন ও রাজীব" এর আলোচনাকৃত বিষয় কোন পণ্যের ইঙ্গিত প্রদান করে? বৈদেশিক মুদ্রা অর্জনে এর ভূমিকা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত "মামুন" বৈদেশিক মুদ্রা অর্জনে যে বিষয়ের কথা বলেছে সেটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৪.▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

দুর্যোগ ব্যবস্থাপনা চক্র




ক. মিশ্র কৃষি কী? ১

খ. দ্রুত শিল্পায়নের ক্ষেত্রে রাজনৈতিক স্থিতিশীলতার প্রয়োজন কেন? ২

গ. প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় "ক" পর্যায় এর ভূমিকা ব্যাখ্যা কর। ৩

ঘ. যেকোনো দুর্যোগের ক্ষেত্রে "খ" এর প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

৫.▶ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভূগোল ও পরিবেশ বিজ্ঞানে অধ্যায়নরত 'রানা' গ্রীষ্মকালীন ছুটিতে তার নানা বাড়ি উত্তরাঞ্চলের জেলা নাটোর বেড়াতে গেলো। 'রানা' তার নানা বাড়ি এলাকায় লক্ষ্য করলো একটি বাণিজ্যিক ফসলকে কেন্দ্র করে উক্ত এলাকায় অনেকগুলো চিনিকল গড়ে উঠেছে। চিনিকলগুলোর পাশাপাশি উক্ত ফসলটিকে কেন্দ্র করে একটি কাগজ কলও গড়ে উঠেছে।

ক. অভিগমন কাকে বলে? ১

খ. খনিজ তেলকে তরল সোনা বলা হয় কেন? ২

গ. 'রানার' নানা বাড়ি এলাকায় গড়ে ওঠা চিনিকলগুলোর কাঁচামাল হিসেবে ব্যবহৃত ফসলটির প্রাকৃতিক অনুকূল অবস্থা ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ফসলটির বিশ্বব্যাপী বণ্টন বিশ্লেষণ কর। ৪

# ভূগোল: দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট　　　পূর্ণমান — ৩৫　　　বিষয় কোড : | ১ | ২ | ৬ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. সোনা, রূপা, টিন, তামা কোন শিলার মধ্যে পাওয়া যায়?
ক আগ্নেয়শিলা　খ পাললিক শিলা
গ রূপান্তরিত শিলা　ঘ জৈবিক শিলা

২. আকরিক লৌহ কে চার ভাগে ভাগ করা হয়, এতে প্রাপ্ত বিশুদ্ধ লোহার—
i. পরিমাণ অনুযায়ী
ii. আকার অনুযায়ী
iii. বর্ণ অনুযায়ী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

৩. কোন ফসলটি দক্ষিণ-দক্ষিণ পূর্ব এশিয়ার মৌসুমি জলবায়ু অঞ্চলেই পৃথিবীর অধিকাংশ উৎপন্ন হয়?
ক গম　খ ধান
গ তুলা　ঘ আখ

৪. যে সমস্ত জায়গায় অধিক ঘন আকারে বসতি গড়ে উঠে সেখানে—
i. প্রাকৃতিক সম্পদ আছে
ii. খনিজ সম্পদ পাওয়া যায়
iii. কাজের ভালো ক্ষেত্র আছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

৫. বাংলাদেশের প্রাকৃতিক গ্যাসের ১১% ব্যবহৃত হয়—
ক বিদ্যুৎ উৎপাদনে　খ শিল্পে
গ ক্যাপটিভে　ঘ গৃহস্থালিতে

৬. কৃষিকার্যের অর্থনৈতিক নিয়ামকের মধ্যে রয়েছে—
i. মূলধন
ii. শ্রমিক
iii. পরিবহন ব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

৭. প্রথম পর্যায়ের অর্থনৈতিক কর্মকাণ্ডের ওপর ভিত্তি করে যে বসতি গড়ে উঠে তাকে কী বলে?
ক গ্রামীণ অর্থনীতি　খ গ্রামীণ বসতি
গ গ্রামীণ জীবন　ঘ ক্ষুদ্র গ্রাম

৮. প্রজনন ও কর্মক্ষমতার ভিত্তিতে জনসংখ্যার বয়স কাঠামো কয় শ্রেণিতে বিভক্ত করা হয়?
ক ২　খ ৩
গ ৪　ঘ ৫

৯. রাজনৈতিক অঞ্চলের বৈশিষ্ট্য—
i. সুনির্দিষ্ট সীমানার থাকবে
ii. কোন নিয়ম-কানুন থাকবে না
iii. একটি প্রশাসনিক কেন্দ্র থাকবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

১০. বাংলাদেশের যাতায়াতের প্রধান মাধ্যম হিসেবে কোন পথটি ব্যবহৃত হয়?
ক সড়কপথ　খ রেলপথ
গ নৌপথ　ঘ আকাশ পথ

১১. আর্সেনিকের প্রভাবে—
i. মাথার চুল পড়ে
ii. মুখে দাগ পড়ে
iii. নখ ও মাড়ি ক্ষয়প্রাপ্ত হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

১২. মানচিত্রের অভিক্ষেপের বৈশিষ্ট্য নয় কোনটি?
ক নির্দিষ্ট স্কলে　খ সমতল ক্ষেত্র
গ অক্ষরেখা দ্রাঘিমারেখা　ঘ নির্দিষ্ট দিক

১৩. রপ্তানি পণ্যের উৎপাদন বৃদ্ধি পেলে বৃদ্ধি পায়—
ক জাতীয় আয়　খ পারিবারিক আয়
গ ব্যক্তিগত আয়　ঘ অর্থনৈতিক আয়

১৪. বন্দরের নিকটবর্তী এলাকা সর্বদা হওয়া উচিত—
i. বরফমুক্ত
ii. কুয়াশামুক্ত
iii. উন্নত যোগাযোগ ব্যবস্থাযুক্ত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

১৫. রাজশাহী বিভাগে আখের ফলন ভালো হয়, কারণ—
i. ভূ-প্রকৃতি
ii. জলবায়ু
iii. মৃত্তিকা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

১৬. কখনো কখনো সপ্তাহে দুদিনের হাটের সংখ্যা বৃদ্ধি পায়—
ক পণ্য মজুদ　খ পরিবহন ব্যবস্থা
গ স্থানীয় চাহিদা　ঘ রাজনৈতিক কারণে

১৭. রোহিঙ্গাদের বাংলাদেশে আগমন কোন ধরনের অভিগমন?
ক অবাধ　খ বলপূর্বক
গ অভ্যন্তরীণ　ঘ আকর্ষণমূলক

১৮. বাংলাদেশের অবস্থান কোথায়?
ক উত্তর-পূর্ব এশিয়ায়　খ দক্ষিণ এশিয়ায়
গ দক্ষিণ-পূর্ব এশিয়ায়　ঘ মধ্য এশিয়ায়

Teachingbd.com

১৯. সরকারি উদ্যোগে ঈশ্বরদীতে কিছু খাস জমি বিতরণ করা হয়। এ সকল জমিতে কি ধরনের বসতি গড়ে উঠে?
ক) সারিবন্ধ বসতি খ) গুচ্ছগ্রাম
গ) বিক্ষিপ্ত বসতি ঘ) গ্রাম্য বসতি

২০. কোন পরিবর্তনের জন্য মানুষ অভিবাসনে আগ্রহী হয়?
ক) অর্থনৈতিক খ) সামাজিক
গ) রাজনৈতিক ঘ) জনবৈশিষ্ট্যগত

২১. পৃথিবীর অধিকাংশ ধান উৎপন্ন হয়—
ক) চীন ও ভারতে
খ) ভারত ও বাংলাদেশে
গ) ইন্দোনেশিয়া ও থাইল্যান্ডে
ঘ) চীন ও জাপানে

২২. বিশ্বের শীর্ষ পাট রপ্তানিকারক দেশ কোনটি?
ক) বাংলাদেশ খ) ভারত
গ) পাকিস্তান ঘ) চীন

২৩. বাংলাদেশ থেকে সবচেয়ে বেশি জনশক্তি রপ্তানি হয় কোথায়?
ক) মধ্যপ্রাচ্যের দেশসমূহে খ) মালয়েশিয়ায়
গ) সিঙ্গাপুরে ঘ) যুক্তরাষ্ট্রে

২৪. সরল বেলন অভিক্ষেপের অক্ষ ও দ্রাঘিমা রেখাগুলো—
i. সবই সরলরেখা
ii. সমকোণে ছেদ করে
iii. ওপরে স্কেল নির্ভুল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৫. কোন দেশের জনসংখ্যা বৃদ্ধি করার প্রয়োজন হতে পারে কেন?
ক) সামাজিক কারণে খ) রাজনৈতিক কারণে
গ) প্রাকৃতিক কারণে ঘ) অর্থনৈতিক কারণে

২৬. বাংলাদেশে গমের অধিক ফলন হয় না কেন?
ক) বাংলাদেশের মানুষের প্রধান খাদ্য ভাত
খ) জলবায়ুগত কারণে
গ) জমির পরিমাণ কম ঘ) সরকারি উদ্যোগ কম

২৭. খুলনা বিভাগের চিনিকলগুলো অবস্থিত—
i. খালিশপুর
ii. জোগতি
iii. দর্শনা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৮. বাংলাদেশের প্রধান ধান উৎপাদনকারী অঞ্চলগুলো হলো—
i. নাটোর, বগুড়া
ii. বরিশাল, পটুয়াখালী
iii. পার্বত্য চট্টগ্রাম
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৯. গ্রামীণ বসতিতে অভাব রয়েছে—
i. সাংস্কৃতিক কর্মকাণ্ডের
ii. বিনোদনের
iii. প্রাকৃতিক সম্পদের
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩০. মেরুবিন্দুতে সমতল ক্ষেত্র স্পর্শ করিয়ে যে অভিক্ষেপ করা হয় তাকে কী বলে?
ক) মেরুদেশীয় শীর্ষ অভিক্ষেপ
খ) নিরক্ষীয় শীর্ষ অভিক্ষেপ
গ) সরল শাঙ্কব অভিক্ষেপ
ঘ) বেলন অভিক্ষেপ

৩১. ফসিল ফুয়েল বা জীবাশ্ম জ্বালানি হলো—
i. প্রাকৃতিক গ্যাস
ii. কয়লা
iii. পেট্রল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩২. মানুষ তাদের অর্থনৈতিক কার্যকলাপ পরিচালনা করে থাকে—
i. প্রাকৃতিক পরিবেশ থেকে
ii. মানুষ্যসৃষ্ট পরিবেশ থেকে
iii. আঞ্চলিক প্রেক্ষাপট থেকে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩৩. ১ অণু সিএফসি কার্বন কত অণু ওজনকে ধ্বংস করতে পারে?
ক) ১০০ অণু খ) ২০০ অণু
গ) ৩০০ অণু ঘ) ৪০০ অণু

৩৪. বাংলাদেশের পূর্বে রয়েছে ভারতের—
i. আসাম
ii. ত্রিপুরা
iii. পশ্চিমবঙ্গ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩৫. আমরা শ্বাস-প্রশ্বাসের সাথে কী ছেড়ে দেই?
ক) অক্সিজেন খ) কার্বন-ডাইঅক্সাইড
গ) মিথেন ঘ) নাইট্রাস অক্সাইড

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | খ | ৯ | গ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ক |
| | ২১ | খ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | ক | ৩১ | ঘ | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | ক | ৩৫ | খ | | ১ | | | | | | | | |

http://teachingbd.com